

তথ্য অধিকার আইন সংক্রান্ত জরুরি বিষয়

সংবিধান অনুসারে প্রজাতন্ত্রের মালিক জনগণ। জনগণের ক্ষমতায়ন, সরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি সংস্থার স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে তথ্য অধিকার আইন প্রণয়ন করা হয়েছে। তথ্য অধিকার আইন'২০০৯ এর ধারা ৪ অনুসারে সকল কর্তৃপক্ষের নিকট থেকে জনগণের তথ্য প্রাপ্তির অধিকারই হচ্ছে তথ্য অধিকার। যে কোন বাংলাদেশী নাগরিকের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তথ্য দিতে বাধ্য।

তথ্য কী?

“তথ্য” অর্থ কোন কর্তৃপক্ষের গঠন, কাঠামো ও দাপ্তরিক কর্মকান্ড সংক্রান্ত যে কোন স্মারক, বই, নকশা, মানচিত্র, চুক্তি, তথ্য-উপাত্ত, লগ বই, আদেশ, বিজ্ঞপ্তি, দলিল, নমুনা, পত্র, প্রতিবেদন, হিসাব বিবরণী, প্রকল্প প্রস্তাব, আলোকচিত্র, অডিও, ভিডিও, অংকিতচিত্র, ফিল্ম, ইলেকট্রনিক প্রক্রিয়ায় প্রস্তুতকৃত যে কোন ইনস্ট্রুমেন্ট, যান্ত্রিকভাবে পাঠযোগ্য দলিলাদি এবং ভৌতিক গঠন ও বৈশিষ্ট্য নির্বিশেষে অন্য যে কোন তথ্যবহ বস্তু বা উহাদের প্রতিলিপিও ইহার অন্তর্ভুক্ত হবে।

তথ্য নয় কী

দাপ্তরিক নোটশিট বা নোটশিটের প্রতিলিপি তথ্য নয়। এছাড়া কতিপয় তথ্য প্রকাশ ও প্রদান বাধ্যতামূলক নয় (ধারা-৭)।

তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

তথ্য অধিকার আইন'২০০৯ অনুযায়ী প্রত্যেক তথ্য প্রদান ইউনিটের তথ্য প্রদানের জন্য একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োজিত রয়েছে। তথ্য প্রদান ইউনিট হলো সরকারের মন্ত্রণালয়, বিভাগ বা কার্যালয়ের সহিত সংযুক্ত বা অধীনস্থ কোন অধিদপ্তর, পরিদপ্তর বা দপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, জেলা কার্যালয় বা উপজেলা কার্যালয়।

তথ্যের জন্য আবেদনের পদ্ধতি

তথ্য অধিকার আইনে বাংলাদেশের যে কোন নাগরিক তথ্য প্রাপ্তির জন্য তথ্য প্রদানকারী ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট তথ্য চেয়ে আবেদন করতে পারবেন। লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে প্রয়োজনীয় বিষয় উল্লেখ করে নির্ধারিত ফরমে আবেদন করা যায়। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা অনুরোধ প্রাপ্তির তারিখ হতে অনধিক ২০ কার্যদিবসের মধ্যে তথ্য সরবরাহ করবেন।

আপিল পদ্ধতি

নির্ধারিত সময়সীমার মধ্যে তথ্য লাভে ব্যর্থ হলে আবেদনকারী পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আপিল কর্তৃপক্ষের নিকট আপিল করতে পারবেন। আপিল কর্তৃপক্ষ হলো তথ্য প্রদানকারী ইউনিটের অব্যবহিত উর্ধ্বতন কার্যালয়ের প্রশাসনিক প্রধান।

অভিযোগ দায়ের পদ্ধতি

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান না করলে ধারা-২৪ অনুসারে তথ্য প্রদানের সময়সীমা অতিক্রান্ত হবার পরবর্তী ৩০ দিনের মধ্যে আবেদনকারী তথ্য কমিশনে অভিযোগ দায়ের করতে পারেন। তবে আপিল না করে অভিযোগ করা যাবে না। অভিযোগ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত আদালতে মামলা করা যাবে না (ধারা-২৯)।

তথ্য কমিশন

তথ্যের জন্য আবেদনপত্রের নমুনাসহ তথ্য অধিকার বিষয়ে বিস্তারিত জানতে তথ্য কমিশনের ওয়েবসাইট www.infocom.gov.bd ভিজিট করা যায়।